



নারী কর্মীদের হেনস্তার অভিযোগে ঢাকায় জামায়াতের সমাবেশ



সংগৃহীত ছবি

নির্বাচনী কার্যক্রমে নারী কর্মীদের হেনস্তা, হামলা ও বাধা দেওয়ার অভিযোগে আগামী ৩১ জানুয়ারি রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে নারী সমাবেশ করবে জামায়াতে ইসলামী। দলটির কেন্দ্রীয় মহিলা বিভাগের আয়োজনে এই কর্মসূচি অনুষ্ঠিত হবে।

মঙ্গলবার (২৭ জানুয়ারি) কেন্দ্রীয় কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে জামায়াতের নায়েবে আমির ডা. সৈয়দ আব্দুল্লাহ মোহাম্মদ তাহের জানান, সকাল সাড়ে ১০টায় সমাবেশ শুরু হবে। তিনি বলেন, পরিস্থিতির কারণে এবার নারী সংগঠনের কর্মীরা প্রকাশ্যে এসে প্রতিবাদ জানাতে বাধ্য হচ্ছেন।

তিনি সতর্ক করে বলেন, পরিবেশ স্বাভাবিক না হলে মূল দল ও ১১ দলীয় জোট আরও কঠোর কর্মসূচি বিবেচনা করবে। তার অভিযোগ, দেশের বিভিন্ন স্থানে জামায়াতের নারী কর্মীরা হামলা ও বাধার মুখে পড়ছেন। যারা নারী অধিকার নিয়ে কথা বলেন, তারাই এসব ঘটনার সঙ্গে জড়িত বলেও তিনি দাবি করেন।

ডা. তাহেরের আরও বলেন, সুষ্ঠু নির্বাচন নিশ্চিত করতে সরকার ও রাজনৈতিক দলগুলোর দায়িত্বশীল ভূমিকা জরুরি। জোরপূর্বক ক্ষমতায় যাওয়ার চেষ্টা হলে তার ফল শুভ হবে না বলেও মন্তব্য করেন তিনি।